গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(তথ্য প্রদান ইউনিট)
www.moulvibazar.gov.bd

**তথ্য অধিকার আইনের বাস্তবায়ন অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মীর নাহিদ আহসান
জেলা প্রশাসক, মৌলভীবাজার
তারিখ : ২৮/০৬/২০২১ খ্রি:;
সময়: দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : " পরিশিষ্ট- ক''

সভাপতি সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতি ক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান । কোন প্রকার সংশোধনী না থাকায় বিগত ১৮/০৩/২০২১সভার কার্যবিবরণীটি সভায় অনুমোদিত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও জোরদার করণের লক্ষ্য তথ্য অধিকার আইন বাস্তবায়ণে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কমিটির কার্যপরিধি অনুসারে নিয়মিত সভা করে সভার কার্যবিবরনী যথাযথ কর্তৃপক্ষ বরাবর ই-মেইল এর মাধ্যমে প্রেরণের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়ন ও জোরদার করণের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ তথ্য অধিকার শাখায় ই মেইল (rti sec@cabinet.gov.bd) এর মাধ্যমে প্রেরণের সিদ্ধান্ত গগৃহীত হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে সকল দপ্তর প্রধান |
| ০২ | প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয় সভায় আলোচনা করা হয়। | প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন করতে হবে এবং উক্ত তথ্য ওয়েবসাইটে আপলোড ও নিয়মিত হালনাগাদ করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ে সকল দপ্তর প্রধান |
| ০৩ | তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধি বিধান অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারীর যাচিত তথ্য সরবরাহ করা । | তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধি বিধান যথাযথ ভাবে অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে চাহিত তথ্য সরবরাহের বিষয়টি সবোর্চ্চ গুরুত্ব দিতে হবে । | জেলা ও উপজেলা পর্যায়ে সকল দপ্তর প্রধান |
| ০৪ | জেলা ও উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী যে সকল সরকারী ও বেসরকারী দপ্তরের কর্মকর্তা/ কর্মচারী অন লাইন প্রশিক্ষণ সম্পন্ন করেননি এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করা হয়নি সে সকল দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীর দ্রুততম সময়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ ও অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী যে সকল সরকারী ও বেসরকারী দপ্তরের কর্মকর্তা/ কর্মচারী অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেননি এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করা হয়নি সে সকল দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীর দ্রুততম সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং নিম্ন বর্ণিত লিংক হতে অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় http/infocom.portal.gov.bd | জেলা ও উপজেলা পর্যায়ে সকল দপ্তর প্রধান |
| ০৫. | তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-০১ ও তফসিল-০২ এর তথ্য প্রকাশ ও প্রচারের বিষয় উল্লেখ থাকায় এ তথ্যসমূহ সকল দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-০১ ও তফসিল-০২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি পরবর্তী সভার পূর্বে নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/৮/২১

(মীর নাহিদ আহসান)
জেলা প্রশাসক
মৌলভীবাজার।

স্মারক নং ০৫.৪৬.৫৮০০.০১৮.০১.০০১.১৮(অংশ-২) ৪৩(৫০) তারিখ ২৩/০৮/২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৪. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার।
৬. অধ্যক্ষ, মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।
৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।
৮. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
১০. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।
১১. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার।
১২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
১৩. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
১৪. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার।
১৫. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
১৬. সভাপতি, প্রেসক্লাব, মৌলভীবাজার।
১৭. সভাপতি, বার অ্যাসোসিয়েশন, মৌলভীবাজার।
১৮. সভাপতি, চেম্বার অব কমার্স, মৌলভীবাজার।
১৯. জেলা প্রতিনিধি, ব্র্যাক, মৌলভীবাজার।
২০. জেলা প্রতিনিধি, আশা, মৌলভীবাজার।
২১. ডা: আবু মুহিত চৌধুরী, পূর্ব গীর্জা পাড়া, মৌলভীবাজার।